# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 16-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

----------------------------------------

১। পঞ্চম পর্যায়ে আগামী ২০ শে মে দেশের ৪৯ টি আসনে অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য রাজনৈতিক দলসমুহের প্রচার অভিযান তুঙ্গে ।

২। লোকসভা নির্বাচনের প্রথম চারটি পর্যায়ে ৪৫ কোটি ১০ লক্ষ লোক ভোটাধিকার সাব্যস্ত করেছেন বলে নির্বাচন কমিশনের প্রকাশ ।

৩। কাজিরাঙ্গা জাতীয় উদ্যান ও ব্যাঘ্র সংরক্ষিত বনাঞ্চলে আজ গন্ডারের চোরা শিকার বিরোধি টাস্ক ফোর্সের দ্বিতীয় বৈঠক সম্পন্ন ।

এবং

৪।ডেঙ্গু সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা ও সতর্কতা বৃদ্ধি করার লক্ষ্যে আজ সমগ্র দেশের সঙ্গে আসামেও জাতীয় ডেঙ্গু দিবস পালন / বরাক উপত্যাকার তিন জেলায়ও বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে জাতীয় ডেঙ্গু দিবস পালন

----------------------------------------------------------------------

দেশে পঞ্চম ,ষষ্ঠ ও সপ্তম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য প্রচার অভিযান জোরদার হয়েছে । পঞ্চম পর্যায়ে আগামী ২০ শে মে দেশের ৪৯ টি আসনে অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য আগামী শনিবার প্রচার অভিযানের শেষ দিন হবার পরিপ্রেক্ষিতে রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান তুঙ্গে উঠেছে।

এদিকে ষষ্ঠ পর্যায়ে ২৫ মে এবং সপ্তম পর্যায়ে আগামী পয়লা জুন  ৫৭ টি করে আসনে অনুষ্ঠেয় নির্বাচনের জন্য ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর প্রদেশের প্রতাপগড় ,জৌনপুর ,ভদোহী এবং আজমগড়ে নির্বাচনী প্রচার চালান । বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা আজ ওড়িশায় নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করেন । বি জে পির প্রবীণ নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ বিহারে আয়োজিত এক জনসভায় অংশ নিয়ে দলীয় প্রার্থীর হয়ে প্রচার চালান ।এদিকে আম আদমী পার্টীর নেতা অরবিন্দ কেজরীওয়াল সমাজবাদী পার্টীর সভাপতি তথা উত্তরপ্রদেশের প্রাক্তন মূখ্যমন্ত্রী অখিলেশ যাদবের সঙ্গে এক সাংবাদিক সম্মেলনে অংশ গ্রহণ করা সহ অমৃতসরে আজ সন্ধ্যায় পাঞ্জাবের মূখ্যমন্ত্রী  ভগওন্ত সিং মানের সঙ্গে একটি রোডশোয়ে অংশ নেন । এদিকে কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খাড়গে আজ ওড়িশায় নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করেন । বি জে পি নেতা তথা ওড়িশার মূখ্যমন্ত্রী নবীন পট্টনায়েকও আজ ভুবনেশ্বরে একটি রোড শোয়ে অংশ নেন । এদিকে কংগ্রেস  দলের নেত্রী প্রিয়ংকা গান্ধী আজ উত্তরপ্রদেশের রায়বরেলিতে জনসভায় অংশ করেন ।আসামের মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ ওড়িশার বরগরে আয়োজিত নির্বাচনী সভায় অংশ নেন ।

---------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন লোকসভা নির্বাচনের প্রথম চারটি পর্যায়ে ৪৫ কোটি ১০ লক্ষ ভোটদাতা ভোটাধিকার সাব্যস্ত করেছে বলে এক বিবৃতিতে জানিয়েছে ।কমিশন জানিয়েছে যে প্রথম চারটি পর্যায়ে ভোটদানের হার ছিল ৬৬ দশমিক ৯-৫ শতাংশ ।ভোটদানের হার বৃদ্ধি পাওয়া বিশ্ববাসীর কাছে এক বার্তা প্রেরণ করেছে বলে কমিশন জানিয়েছে ।কমিশন বাকী তিনটি পর্যায়েও স্বত:স্ফূর্তভাবে ভোটদান করতে ভোটদাতাদের প্রতি আহ্বান জানিয়েছে ।বাকী তিনটি পর্যায়ে ভোটদানের হার বৃদ্ধি করতে কমিশন ভোটদাতাদের সুবিধা প্রদান করার ক্ষেত্রেও গুরুত্ব আরোপ করেছে ।অন্যদিকে ভোটদাতাদের সচেতন করতে কমিশন জনপ্রিয় শিল্পী সহ বিভিন্ন সংস্থা সংগঠনের সাহায্য গ্রহণ করেছে ।

---------------------------------------------------------------------------

আসাম বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ ( এস টেক ) এর উদ্যোগে তথা কর্ণাটক রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের সহযোগিতায় বেঙ্গালুরুতে গত ১৩ ই মে থেকে ৫ দিনের বিজ্ঞান দর্শন শীর্ষক একগুচ্ছ বিশেষ কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।মুখ্যমন্ত্রীর বিজ্ঞান প্রতিভা সন্ধান প্রকল্পের প্রথম পর্যায়ে নির্বাচিত রাজ্যের ৯৮ জন শিক্ষার্থীকে এই কার্যসূচীর অধীনে বেঙ্গালুরুর কয়েকটি উচ্চ পর্যায়ের বিজ্ঞান প্রতিষ্ঠান তথা গবেষণাগার পরিদর্শন করার সুবিধা প্রদান করা হয়েছে ।এস টেকের বিজ্ঞানী তথা আধিকারীকদের তত্বাবধানে শিক্ষার্থী দলটি ইতিমধ্যে বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইন্স্টিটিউট অফ সায়েন্সের গুরুত্বপূর্ণ বিভাগ সহ হিন্দুস্থান এরোনটিক্স লিমিটেডের এরোস্পেস সংগ্রহালয় , ইসরোর ইউ আর রাও সেটেলাইট সেন্টার ইত্যাদি পরিদর্শন করে ।শিক্ষার্থীরা বৈজ্ঞানিকদের সঙ্গে মত বিনিময় ও করে ।

---------------------------------------------------------------------------------

কাজিরাঙ্গা জাতীয় উদ্যান ও ব্যাঘ্র সংরক্ষিত বনাঞ্চলে আজ গন্ডারের চোরাশিকার বিরোধী টাস্ক ফোর্সের দ্বিতীয় বৈঠক আজ অনুষ্ঠিত হয়েছে । এই বৈঠকে রাজ্যের বিশেষ সঞ্চালক প্রধান হরমিত সিং সহ পুলিশের বেশকয়েকজন শীর্ষ আধিকারিক ,জাতীয় উদ্যানটির ক্ষেত্র সঞ্চালক ,মান্ডলিক বন আধিকারিক ও অন্যান্য সংশ্লিষ্ট আধিকারিকরা উপস্থিত ছিলেন । এই বৈঠকে গন্ডারের সুরক্ষার জন্য  গৃহীত ব্যাবস্থা ,বন বিভাগ ও পুলিশের কাযরকলাপ তথা বন বাহিনীর নিয়োগ ও সবলীকরণ সহ  গোয়েন্দা বাহিনীর নেটওয়র্ক শক্তিশালী করার বিষয়ে আলোচনা করা হয়।

---------------------------------------------------------------------------------

আজ জাতীয় ডেঙ্গু দিবস । ডেঙ্গু সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা এবং সতর্কতা বৃদ্ধি করার উদ্দেশ্য প্রতিবছর এই দিবস পালন করা হয় ।এবছর ডেঙ্গু দিবসের বিষয়বস্তু হচ্ছে - ‘সম্প্রদায়ের সঙ্গে সংযোগ স্থাপন , ডেঙ্গু নিয়ন্ত্রণ ’।আসামেও আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন স্থানে সচেতনতামূলক সভা , পথ নাটক ইত্যাদির আয়োজন করা হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও বিভিন্ন কার্যসূচির মাধ্যমে আজ জাতীয় ডেঙ্গু দিবস পালন করা হয়েছে।

-------------------------------------------------------------------------------

করিমগঞ্জের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের উদ্যোগে আজ জাতীয় ডেঙ্গু দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ করিমগঞ্জ সিভিল হাসপাতাল থেকে একটি র‍্যালি বের হয়ে শহর পরিক্রমা করে । র‍্যালি শেষে করিমগঞ্জ আইন কলেজে একটি সচেতনতা সভার আয়োজন করা হয়েছে । সভায় ডেঙ্গুর লক্ষন , সংক্রমন ও মশার বংশ বৃদ্ধি প্রতিরোধ নিয়ে আলোচনা করা হয়েছে ।

হাইলাকান্দি জেলার লালা ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আজ জাতীয় ডেঙ্গু দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে লালা স্বাস্থ্য কেন্দ্রের অধীন উত্তর জষ্ণাবাদ দ্বিতীয় খন্ড গ্রামের সাচিউরা এম ই স্কুলে ডেঙ্গু দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত  সভায় হাইলাকান্দি ম্যালেরিয়া বিভাগের সহকারী ম্যালেরিয়া আধিকারীক আশিষ পাল , ম্যালেরিয়া পর্য্যবেক্ষক বিশ্বপদ চন্দ প্রমূখ আলোচনা করেন ।

অনুরূপভাবে কাছাড় জেলায়ও আজ নানা কার্যসূচির মাধ্যমে জাতীয় ডেঙ্গু দিবস পালন করা হয়েছে।

-------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার স্বাস্থ্য বিভাগের উদ্যোগেও আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে জাতীয় ডেঙ্গু দিবস পালন করা হয়েছে । জেলার স্বাস্থ্য আধিকারিক ডক্টর পবন কুমার গঞ্জু ডেঙ্গুর লক্ষন এবং প্রতিকার নিয়ে আলোচনা করেছেন । জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর দুলেশ্বর গগৈ জানান যে গত বছর ডিমা হাসা ও জেলায় ৮৫২ জন ডেঙ্গু রোগী শনাক্ত করা হয়েছে যা অন্যান্য বছরগুলির তুলনায় অনেক বেশী । ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা গড়ে তুলতে ডক্টর গগৈ আহ্বান জানিয়েছেন ।

-------------------------------------------------------------------------------

১৯ শের চেতনাকে জাগ্রত করতে  আজ বরাকের আওয়াজের উদ্যোগে বরাক উপত্যকার তিন জেলা কাছাড় ,করিমগঞ্জ ও হাইলাকান্দিতে বহুভাষিক ঐক্যের

মহামিছিলের আয়োজন করা হয় ।তিন জেলায় একই সময়ে অর্থাৎ বিকেল তিনটায় মহা মিছিল শুরু হয়। শিলচরে রাঙ্গিরখাড়ির নেতাজী মূর্তির পাদদেশ থেকে এই মিছিল শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে গান্ধীবাগে এসে শেষ হয় ।অনুরূপ ভাবে করিমগঞ্জ ও হাইলাকান্দিতেও এই মিছিলের আয়োজন করা হয় ।এতে বিভিন্ন স্কুল কলেজের ছাত্রছাত্রী , শিক্ষক শিক্ষিকা ,দল সংগঠনের কর্মকর্তারা অংশগ্রহণ করেন ।

-----------------------------------------------------------------------------------

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির উদ্যোগে একাদশ ভাষা আন্দোলনের শহীদদের শ্রদ্ধা জানাতে আজ শিলচরের ছোট লাল শেঠ বালিকা বিদ্যালয় , মালুগ্রাম গালর্স হাইস্কুল , কাছাড় হাইস্কুল , বিবেকানন্দ বহুমূখী মাধ্যমিক বিদ্যালয় এবং দীননাথ নবকিশোর বালিকা বিদ্যালয়ে পথ নাটিকা পরিবেশিত হয়েছে । সংগঠনের পক্ষ থেকে আগামীকাল ও আগামী শনিবারও জেলার বিভিন্ন স্থানে পথ নাটিকা পরিবেশিত হবে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর জেলা বার এসোসিয়েশনের সার্ধশতবর্ষ পূর্তি উপলক্ষ্যে বছরব্যাপী কার্যসূচীর অঙ্গ হিসেবে আগামী শনিবার বার লাইব্রেরীতে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । শিলচর সিভিল হাসপাতাল আধুনিকীকরণ দাবি কমিটির সহযোগীতায় এই রক্তদান শিবির অনুষ্ঠিত হবে ।
এদিকে রক্তদান সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে আজ বার এসোসিয়েশন প্রাঙ্গণে এসোসিয়েশনের সভাপতি দুলাল মিত্রের পৌরহিত্যে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয় । ডা:সুব্রত নন্দী সভায় মূখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়া অন্যান্যদের মধ্যে কাছাড় জেলা বার এসোসিয়েশনের সম্পাদক নীলাদ্রী রায় ,কমল চক্রবর্তী ,সুরজিৎ সোম প্রমূখ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ পৌরসভা থেকে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা এবং প্লাষ্টিক বর্জ্য ব্যবস্থাপনা-২০১৬ উপবিধি অনুসারে করিমগঞ্জ শহরের ঘরে ঘরে গিয়ে আর্বজনা সংগ্রহ করার জন্য মূল্য নির্ধারন করা হয়েছে । করিমগঞ্জ পৌরসভার কার্য্যবাহী আধিকারীক জানিয়েছেন যে নির্ধারিত মূল্য অনুসারে প্রতি মাসে ঘর

থেকে আবর্জনা সংগ্রহ করার ক্ষেত্রে ৫০ টাকা , ব্যবসায়িক প্রতিষ্ঠান ১০০ টাকা , হোটেল-রেষ্টুরেন্ট ২৫০ টাকা ,ছাত্রাবাস ২৫০ টাকা ভবন বা কমিউনিটি হল ৩০০০ হাজার টাকা , থাকা খাওয়ার ব্যাবস্থা যুক্ত হোটেলের ক্ষেত্রে ৫০০ টাকা , ক্লিনিক , ডিসপেনসারি ও ল্যাবরেটরির ক্ষেত্রে প্রতিমাসে এক হাজার টাকা ধার্য্য করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ পৌর এলাকার দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আযুক্ত এক বিজ্ঞপ্তীতে করিমগঞ্জ শহরের বর্তমান যানজট সমস্যা নিরসনে ২০২৩ সালের ৬ই জুলাই গৃহীত সিদ্ধান্ত অনুসারে ব্যবস্থা গ্রহনের নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে শহর এলাকার সব ধরনের ব্যানিজিক যানবাহনগুলি কানিশাইল থেকে যাত্রীদের যানবাহনে তোলা হবে । শহরের মেইন রোডে কোন ধরনের বানিজ্যিক যানে যাত্রীরা উঠা-নামা করতে পারবেন না । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতেঅভিযান চালিয়ে পোয়ামারা বাইপাসে একটি মারুতি ইকো ভ্যানে তল্লাশি চালিয়ে দু লক্ষ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে আব্দুল্লা নামের এক ব্যাক্তিকে আটক করেছে। উদ্ধার করা এই নেশা জাতীয় সামগ্রীর বাজার মূল্য প্রায় ৪০ কোটী টাকা হবে বলে পুলিশ জানিয়েছে ।

---------------------------------------------------------------------------